গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
এনজিও বিষয়ক ব্যুরো
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্লট-ই-১৩/বি, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা
www.ngoab.gov.bd

"মুজিব বর্ষের অংগীকার
বৈদেশিক অনুদানের যথাযথ ব্যবহার"

পত্র নং- ০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.০৬৩.২২ -

তারিখঃ ০২/১০/২০২২ খ্রিঃ।

বিষয়ঃ সংস্থার " Integrated Comprehensive Eye Care Services ( ICECS)" শীর্ষক প্রকল্প অনুমোদনসহ ১ম বর্ষের ৮০% অর্থছাড় প্রসংগে ।

সূত্রঃ সংস্থার ০২/১২/২০২০ তারিখের আবেদন পত্র ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত আবেদনের প্রেক্ষিতে সংস্থার " Integrated Comprehensive Eye Care Services (ICECS)" শীর্ষক প্রকল্পটির বৈদেশিক- ১,৪১,১৮,১৭৫/ টাকা + স্থানীয় অনুদান ৬৮,০০,০০৫/-টাকাসহ সর্বমোট ২,০৯,১৮,১৮০/- (দুই কোটি নয় লক্ষ আঠার হাজার একশত আশি) টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই,২০২২ হতে জুন,২০২৩ পর্যন্ত সময়ের জন্য নিম্নোক্ত শর্তে অনুমোদনসহ প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের জন্য দাতা সংস্থা " Andheri Hilfe, Germany " হতে প্রস্তাবিত বৈদেশিক ১,৪১,১৮,১৭৫/- টাকার ৮০% অর্থ অর্থাৎ ১,১২,৯৪,৫৪০/- (এককোটি বার লক্ষ চুরানব্বই হাজার পাঁচশত চল্লিশ) টাকা গ্রহণ ও ব্যয়ের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হল ।

শর্তঃ

ক) সংশ্লিষ্ট জেলা প্রশাসক'কে প্রকল্পের সাথে সম্পৃক্ত করতে হবে । এলক্ষ্যে এফডি-৬ এর অনুলিপি সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসককে সরবরাহ করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে এর প্রাপ্তি স্বীকারমূলক প্রমাণক ব্যুরোতে দাখিল করতে হবে ।

খ) প্রকল্প বর্ষ শেষে প্রকল্প বাস্তবায়নের প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরো এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক'ক বরাবরে দাখিল করতে হবে

গ) প্রকল্প কার্যক্রমের অডিট রিপোর্ট প্রকল্প বর্ষ সমাপ্তির ০২ (দুই) মাসের মধ্যে এনজিও বিষয়ক ব্যুরো ও বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে ।

ঘ) প্রকল্প বর্ষ সমাপ্তির ০৩ মাসের মধ্যে পরিপত্রের ১১ নং অনুচেছদের ( 'ক থেকে 'ছ' পর্যন্ত) আলোকে নির্ধরিত ০৮ টি ছকে বার্ষিক প্রতিবেদন দাখিল করতে হবে।

ঙ) প্রকল্প বাস্তবায়নে সকল প্রকার দ্বৈততা পরিহার করতে হবে । অন্য কোন সংস্থা/সরকার পরিচালিত অনুরূপ প্রকল্পের উপকারভোগী কোন ব্যক্তি/ পরিবারকে এই প্রকল্পের উপকারভোগী নির্বাচন করা যাবে না ।

চ) জাতীয় রাজস্ব বোর্ডের সার্কুলারের ভাষ্য মোতাবেক আয়কর/ভ্যাট ইত্যাদি যথারীতি কর্তন করতে হবে।

ছ) পরবর্তীতে মন্ত্রণালয় থেকে কোন মতামত পাওয়া গেলে সে মোতাবেক বাস্তবায়ন করতে হবে।

জ) সংস্থা/প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারী রাষ্ট্র/সরকার বিরোধী কর্মকান্ডে জড়িত হলে সংস্থার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝ) সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও স্বাস্থ্য অধিদপ্তরের National Eye Care শীর্ষক অপারেশন প্লানের লাইন ডাইরেক্টরের সাথে সমন্বয় পূর্বক প্রকল্পটি বাস্তবায়ন করতে হবে।

ঞ) প্রতি অর্থবছর শেষে প্রকল্পের সংশ্লিষ্ট খাতের ব্যয় বিবরণী স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের National Health Accounts Sell-এ প্রেরণ করতে হবে।

ট) প্রকল্পের বাজেটের তথ্যাদি সংস্থার Website-এ অবশ্যই আপলোড করতে হবে।

ঠ) প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন, প্রজেক্ট সামারী এবং ওয়েবসাইটে আপলোড করার প্রমাণক দাখিল করার পর অবশিষ্ট ২০% অর্থ ছাড়ের বিষয় বিবেচনা করা হবে।

০২। ছাড়কৃত অর্থ ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লিঃ, মৌলভীবাজার শাখা, মৌলভীবাজার এর হিসাব নং-২১০০১০৬৩ (মাদার একাউন্ট) এর মাধ্যমে গ্রহণ করে বিধি মোতাবেক ব্যয়ের হিসাব সংরক্ষণ করতে হবে ।


মোছাম্মৎ হাসিনা আক্তার
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৫৫০০৭৪০৫
ao5@ngoab.gov.bd


অবৈতনিক সাধারণ সম্পাদক
মৌলভীবাজার অন্ধকল্যাণ সমিতি
শমসেরনগর রোড, মাতারকাপন, মৌলভীবাজার ।

পত্র নং- ০৩.০৭.২৬৬৬.৬৬২.৬৮.০৬৩.২২ - ৬২৭

তারিখঃ ০২/১০/২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

০১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ,ঢাকা/ সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০২। মহাপরিচালক, স্বাস্থ্য ও অর্থনীতি ইউনিট,১৪/২,আনসারী ভবন, তোপখানা রোড,ঢাকা।

০৩। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক,ঢাকা।

০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার (স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র ব্যুরোতে দাখিল করে তার অনুলিপি সংস্থাকে প্রদান করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।

০৫। উপ পরিচালক ( পওনি ),এনজিও বিষয়ক ব্যুরো

০৬। ম্যানেজার, ইউনাইটেড কর্মাশিয়াল ব্যাংক লিঃ, মৌলভীবাজার শাখা, মৌলভীবাজার ( ছাড়কৃত ১,১২,৯৪,৫৪০/- (এককোটি বার লক্ষ চুরানব্বই হাজার পাঁচশত চল্লিশ) টাকা প্রদান করার জন্য তাঁকে অনুরোধ করা হল )।

০৭। অফিস কপি ।


মোছাম্মৎ হাসিনা আক্তার
এসাইনমেন্ট অফিসার
(সিনিয়র সহকারী সচিব)